

**GOBARDANGA HINDU COLLEGE**

**HISTORY HONS.**

**SEMESTER – II, CORE-IV**

**FULL MARKS-50**

**ব্যখ্যামূলক প্রশ্নোত্তর**

১২\*২=২৪

১। রোমান অর্থনীতিতে দাসদের ভূমিকা বিশ্লেষণ কর।

**উত্তর:** ক্রীতদাস প্রথার ইতিহাস অতি প্রাচীন। এখনও এই ভয়ঙ্কর প্রথাটি বিভিন্ন নামে ছড়িয়ে আছে পৃথিবীর বিভিন্ন দেশে, বিভিন্ন জাতি-গোষ্ঠীতে এবং বিভিন্ন পরিবারে। আমরা যতটুকু জানি, খ্রিস্টপূর্ব ৪০০০ থেকে ৩০০০ সালে মেসোপটেমিয়ায় প্রথম ক্রীতদাস প্রথা চালু হয়। এর হাজারখানেক বছর পর থেকে এই প্রথা মিশর হয়ে ছড়িয়ে পড়ে ভারতবর্ষে। এর অনেক পরে চীনে এই কু-প্রথাটি জেঁকে বসে। ৮০০ হতে ৭০০ খ্রিস্টপূর্বাব্দে দেশ গ্রিস এবং ২০০ খ্রিস্টপূর্বাব্দে রোমে শুরু হয় ক্রীতদাস প্রথার ভয়াবহ পদচারণা। এ যেন সিঁড়ি বেয়ে বেয়ে অসভ্যতার আর অমানবিকতার শীর্ষে উঠার প্রক্রিয়া! এভাবে প্রায় বিশ্বজুড়েই একসময় ছড়িয়ে পড়ে এই ভয়াবহ কু-প্রথাটি।

শুরুতে ক্রীতদাস প্রথার বিস্তার কমই ছিল বলা চলে। তখনও কৃতদাসরা উৎপাদনের মূল চালিকাশক্তি হয়ে ওঠেনি। পরে মানুষ অমানবিকতার নতুন নতুন কৌশল শিখে নিয়ে ক্রীতদাসদের যারপরনাই অমানবিকভাবে খাটাতে শুরু করে। রোমের অর্থনীতি তথা কৃষি, শিল্প ও বাণিজ্য সম্পূর্ণরূপে দাস দ্বারা পরিচালিত হয়েছিল। কৃষিতে যেমন দাস ল্যাতিফুন্দিয়াম গড়ে ওঠে তেমনি খনি শিল্প বিশেষ করে লোহার খনি, তামার খনি, সোনার খনি প্রভৃতিতেও দাস শ্রমিক রা যুক্ত হয়। আমদানি ও রপ্তানি বাণিজ্যও দাস নির্ভর হয়ে পড়ে। তাই **পেরি অ্যান্ডারসন** এর মত ঐতিহাসিকেরা রোমান অর্থনীতিকে দাস নিয়ন্ত্রিত বলে অভিহিত করেছেন।

২। পিউনিক যুদ্ধ বলতে কি বোঝ? প্রথম ও দ্বিতীয় পিউনিক যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর।

**উত্তর:** রোম ও কার্থেজের মধ্যে সংঘটিত তিনটি যুদ্ধকে একত্রে **পিউনিক যুদ্ধ** বলা হয়। **পিউনিক** কথাটি লাতিন **পুনিকি** শব্দ থেকে এসেছে। লাতিন ঐতিহাসিকেরা কার্থেজের অধিবাসীদের পুনিকি অর্থাৎ ফিনিসীয়দের উত্তরসূরী বলে ডাকতেন। পিউনিক যুদ্ধগুলির মূল কারণ ছিল বিদ্যমান কার্থেজীয় সাম্রাজ্য এবং সম্প্রসারমান রোমান সাম্রাজ্যের মধ্যে অভিলাষের সংঘর্ষ (clash of interests)। প্রথমে রোমানেরা সিসিলি দ্বীপ দখলের মাধ্যমে তাদের সাম্রাজ্য সম্প্রসারণ করতে চেয়েছিল। কিন্তু সিসিলির একাংশ ছিল কার্থেজীয়দের দখলে।

প্রথম পিউনিক যুদ্ধ যখন শুরু হয়, কার্থেজ ছিল ভূমধ্যসাগরীয় অঞ্চলের প্রধান শক্তি। তাদের ছিল ভূমধ্যসাগরের উপকূল জুড়ে এক বিরাট সাম্রাজ্য। অন্যদিকে রোম ছিল ইতালীয় উপদ্বীপে দ্রুত উন্নয়নশীল শক্তি। দুই পক্ষের লক্ষ লক্ষ সৈন্যের মৃত্যুর পর যখন তৃতীয় পিউনিক যুদ্ধের অবসান হয়, রোম কার্থেজের সাম্রাজ্যের পূর্ণ দখল নেয়, এবং কার্থেজ শহর ধূলায় মিশিয়ে দিয়ে পশ্চিম ভূমধ্যসাগরের প্রধানতম রাষ্ট্র হিসেবে আবির্ভূত হয়। একই সময়ে রোম পূর্ব ভূমধ্যসাগরের ম্যাসিডোনীয় যুদ্ধ ও রোমান-সিরীয় যুদ্ধে বিজয় লাভ করে এবং প্রাচীন বিশ্বের সবচেয়ে শক্তিশালী শহর হিসেবে আবির্ভূত হয়। কার্থেজের পতন ছিল ইতিহাসের একটি ক্রান্তিকাল। এর ফলে আধুনিক বিশ্বে ভূমধ্যসাগরীয় অঞ্চলের উত্তর দিকে রোমের আধিপত্য ঘটে।